শেখ হাসিনার বিচারের দাবীতে ঝিনাইদহে ছাত্র জনতার বিক্ষোভ সমাবেশ

পলাতক সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে এনে ফাঁসির দাবীতে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, জেলা ছাত্রদল ও ছাত্র শিবির পৃথক পৃথক ভাবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।

আজ বৃহস্পতিবার (১৫ আগস্ট) ঝিনাইদহ শহরের বিভিন্ন প্রান্ত থেকে এসব সংগঠনের কর্মীরা শহরের পায়রা চত্বর ও পোষ্ট অফিস মোড়ে জড়ো হয়। সেখানে তারা দিনব্যাপী অবস্থান কর্মসুচি গ্রহন করে। জেলার কালীগঞ্জ, শৈলকুপা, মহেশপুর ও কোটচাঁদপুর উপজেলা শহরেও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, বিএনপি ও জামায়াতের নেতাকর্মীরা পৃথক ভাবে কর্মসুচি পালন করে। তবে জেলাব্যাপী কোথাও আওয়ামী লীগের পক্ষ থেকে ১৫ই আগষ্ট পালনের খবর পাওয়া যায়নি।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক শারমিন সুলতানা জানান, কেন্দ্রীয় কর্মসুচি হিসেবে তারা শহরের পোষ্ট অফিস মোড়ে দিনব্যাপী অবস্থান কর্মসুচি পালন করছেন। তিনি আরও বলেন, পতিত স্বৈরাচার ও তার দোসররা যাতে শহরেরে কাথাও ঢুকতে না পারে সে জন্য তারা সজাগ আছে।

অপরদিকে ঝিনাইদহ জেলা ছাত্রদলের সভাপতি এমএম সোমেনুজ্জামান সোমেন জানান, পলাতক সাবেক প্রধানমন্ত্রী পতিত স্বৈরাচার শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে এনে ফাঁসির দাবী করেন। তাছাড়া শহরে যাতে আ’লীগের কর্মীরা নাশকতা সৃষ্টি করতে না পারে সেজন্য শত শত নেতাকর্মী পাড়ায় পাড়ায় সতর্ক পাহারা বসানো হয়েছে।

এছাড়াও ঝিনাইদহের কালীগঞ্জে ৪ দফা দাবিতে “রেজিস্ট্যান্স উইক” কর্মসূচির অংশ হিসেবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা।